বাংলাদেশ কৃষি ব্যাংক গোপনীয়
প্রধান কার্যালয়,ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/ তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শহীদুল ইসলাম, কর্মকর্তা(অবসরপ্রাপ্ত), বিকেবি, বাঘারপাড়া শাখা, যশোর, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, রূপদিয়া শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৩০/১৪-১৫ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজুপূর্বক ৩১.০৩.২০১৫ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯/২০১৪-২০১৫/২১৭৪ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ,আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ শহীদুল ইসলাম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দন্ড প্রদান করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ০৫.০৪.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯/ ২০১৪-২০১৫/ ৩৪০৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ০২.০৫.২০১৭ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ শহীদুল ইসলাম আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ শহীদুল ইসলাম আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, রূপদিয়া শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

**বর্তমান ঠিকানা**

জনাব মোঃ শহীদুল ইসলাম (এস-১৫১০)
কর্মকর্তা(অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বাঘারপাড়া শাখা
যশোর।

**স্থায়ী ঠিকানা**

জনাব মোঃ শহীদুল ইসলাম
পিতামৃতঃ আঃ বারী খান
গ্রামঃ শাখারীগাতী পোঃ রূপদিয়া
থানাঃ কোতোয়ালী জেলাঃ যশোর।

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৫৯(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/ ৪৪(৮) তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
২। স্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।
৬। উপ-মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। জনাব মোঃ শহীদুল ইসলাম এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, যশোর।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, যশোর।
১১। ব্যবস্থাপক, বিকেবি, বাঘারপাড়া শাখা, যশোর। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ শহীদুল ইসলাম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। ব্যবস্থাপক, বিকেবি, রূপদিয়া শাখা, যশোর। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ শহীদুল ইসলাম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তাহাকে পাওয়া না গেলে বা তিনি গ্রহণে অস্বীকৃতি জানাইলে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা,মাতা,ভাই,বোন,স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারা উহা গ্রহণে অস্বীকৃতি জানাইলে দুইজন সাক্ষীর উপস্থিতিতে তাহার বাড়ীর সদর দরজার দৃশ্যমান স্থানে লটকাইয়া জারী করতঃ সাক্ষীগণের স্বাক্ষর ও নাম ঠিকানা গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তাহাছাড়া কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক জনাব মোঃ শহীদুল ইসলাম এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তনের ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর শাখার আয় খাতে জমা করিবার জন্যও অনুরোধ করা হইল।
১৩। নথি/ মহানথি / মূলনথি।

(মোঃ ওবায়েদ উল্যাহ)
সহকারী মহাব্যবস্থাপক